# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ
## প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক'র কার্যালয়
## প্রকৌশল বিভাগ (৭ম তলা)
## ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

"মুজিব বর্ষের অঙ্গীকার
নদী রাখবো পরিষ্কার"

নথি নং- ১৮.১১.৫৬.৭৮.২৭০.১৪.০১০.১৯(৩য় খন্ড)-২৯৮

তারিখঃ ২৫-০৪-২০২১।

# নিলাম নোটিশ

এতদ্বারা সর্বসাধারণ/প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিআইডব্লিউটিএ কর্তৃক বাস্তবায়নাধীন **"নগরবাড়ীতে আনুষঙ্গিক সুবিধাদিসহ নদী বন্দর নির্মাণ (১ম সংশোধিত)"** শীর্ষক প্রকল্পের আওতায় নগরবাড়ী ঘাট এলাকায় অধিগ্রহণকৃত ভূমির উপর বিদ্যমান বিভিন্ন স্থাপনাদি (যেখানে যে অবস্থায় আছে) নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য সীল মোহরকৃত নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে। নিলাম দরপত্র **আগামী ১৯/০৫/২০২১ তারিখ রোজ বুধবার বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত** তত্ত্বাবধায়ক প্রকৌশলী'র কার্যালয়, ঢাকা সার্কেল, ৪র্থ তলা, প্রকৌশল বিভাগ, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ এবং সহকারী পরিচালক'র দপ্তর, হিসাব শাখা, বিআইডব্লিউটিএ, আরিচা এর রক্ষিত বাক্সে গ্রহণ করা হবে এবং পরবর্তী কার্য দিবসে অর্থাৎ **২০/০৫/২০২১ তারিখ বেলা ১৪.০০ ঘটিকায়** তত্ত্বাবধায়ক প্রকৌশলী'র কার্যালয়, ঢাকা সার্কেল, ৪র্থ তলা, প্রকৌশল বিভাগ, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ এ দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

| ক্রঃ নং | কাজের নাম | দরপত্র বিক্রয় ও গ্রহনের শেষ তারিখ | দরপত্র খোলার তারিখ | বায়নার টাকা (ফেরৎযোগ্য) | সিডিউলের মূল্য (অফেরৎযোগ্য) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | বিআইডব্লিউটিএ কর্তৃক বাস্তবায়নাধীন **"নগরবাড়ীতে আনুষঙ্গিক সুবিধাদিসহ নদী বন্দর নির্মাণ (১ম সংশোধিত)"** শীর্ষক প্রকল্পের আওতায় নগরবাড়ী ঘাট এলাকায় অধিগ্রহণকৃত ভূমির উপর বিদ্যমান বিভিন্ন স্থাপনাদি (যেখানে যে অবস্থায় আছে) নিলাম। | ১৯/০৫/২০২১ (বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত) | ২০/০৫/২০২১ (বেলা ১৪.০০ ঘটিকায়) | প্রদত্ত দরের উপর ২৫% (শতকরা পঁচিশ ভাগ) | ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ টাকা) | কার্যাদেশ প্রদানের তারিখ হতে ৩০(ত্রিশ) দিনের মধ্যে নিলামকৃত বিভিন্ন স্থাপনাদি যেখানে যে অবস্থায় রয়েছে সেই অবস্থা থেকে নিজ খরচে সরিয়ে নিতে হবে। |

**শর্তাবলীঃ**

১. নিলামে অংশগ্রহণকারীগণ নিলাম দরপত্র দাখিলের পূর্বে নিজ খরচে বিআইডব্লিউটিএ কর্তৃক বাস্তবায়নাধীন **"নগরবাড়ীতে আনুষঙ্গিক সুবিধাদিসহ নদী বন্দর নির্মাণ (১ম সংশোধিত)"** শীর্ষক প্রকল্পের আওতায় নগরবাড়ী ঘাট এলাকায় অধিগ্রহণকৃত ভূমির উপর বিদ্যমান বিভিন্ন স্থাপনাদি সরজমিনে পরিদর্শন করতে পারবেন।

২. নিলামে অংশগ্রহণ করতে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠান অফিস চলাকালীন সময় পরিচালক (হিসাব) এর কার্যালয়, হিসাব বিভাগ, ৯ম তলা, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা এবং সহকারী পরিচালক'র দপ্তর, হিসাব শাখা, বিআইডব্লিউটিএ, আরিচা হতে নিলাম দরপত্রের তফসিল ক্রয় করতে পারবেন।

৩. নিলাম দরপত্রে আইটেম ভিত্তিক দর কথায় ও অংকে লিখতে হবে।

৪. নিলাম দরপত্রে উল্লেখিত সর্বমোট উদ্ধৃত মূল্যের উপর ২৫% (শতকরা পঁচিশ ভাগ) বায়নার টাকা (ফেরৎযোগ্য) যে কোন তফসিল ব্যাংক হতে MICR পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে **"বাঅনৌপক"** এর অনুকূলে নিলাম দরপত্রের সহিত দাখিল করতে হবে।

৫. সফল সর্বোচ্চ দরদাতা কার্যাদেশ জারীর/প্রাপ্তির ৫(পাঁচ) কার্য দিবসের মধ্যে উক্ত দরদাতা কর্তৃক সর্বমোট উদ্ধৃত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাওর ভাগ) টাকা এবং সরকার প্রচলিত বিধি মোতাবেক ভ্যাট বাবদ ৭.৫% (শতকরা সাত দশমিক পাঁচ ভাগ) টাকা ও আয়কর বাবদ ৫% (শতকরা পাঁচ ভাগ) টাকা পৃথক পৃথক ভাবে যে কোন তফসিল ব্যাংক হতে **"বাঅনৌপক"** এর অনুকূলে MICR পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক'র কার্যালয়, ৭ম তলা, প্রকৌশল বিভাগ, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকায় জমা প্রদান করতঃ সকল স্থাপনাদি নির্দিষ্ট সময়ের মধ্যে সরিয়ে নিতে বাধ্য থাকিবে। ব্যর্থতায় বায়নার টাকা বাজেয়াপ্ত করা হবে।

৬. কার্যাদেশ প্রদানের পর নিলামকৃত স্থাপনাদির নিরাপত্তার দায়িত্ব নিলাম গ্রহীতাকে বহন করতে হবে। সমুদয় অর্থ পরিশোধ সাপেক্ষে নির্ধারিত সময়সীমার মধ্যে বর্ণিত স্থাপনাদি অপসারণে ব্যর্থ হলে বা স্থাপনাদি খোয়া/চুরির জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না এবং কোন প্রকার আপত্তি করা যাবে না।

৭. নিলামকৃত স্থাপনাদি ব্যতীত অন্যান্য কোন প্রকার মালামাল সরানো বা নেয়া যাবে না। অন্য কোন স্থাপনা অপসারন বা ক্ষতি হলে তা আইনত দণ্ডনীয় অপরাধ বলে গণ্য হবে।

৮. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন পূর্বক নিলামকৃত স্থাপনাদি কার্যাদেশ প্রদানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সকল স্থাপনাদি নিজ দায়িত্বে ও নিজ খরচে অফিস চলাকালীন সময়ে কর্তৃপক্ষের প্রতিনিধির উপস্থিতিতে যেখানে যে অবস্থায় রয়েছে সেই অবস্থা থেকে সরিয়ে নিতে হবে।

৯. উক্ত নিলামকৃত স্থাপনাদি সরিয়ে নেয়ার সময় ভূমির উপরে এবং নিচে কোন স্থাপনা, বৈদ্যুতিক লাইন, পানির লাইন, গ্যাস লাইনের কোন ক্ষয়ক্ষতি হলে তাহা নিলাম গ্রহীতার উপর বর্তাবে এবং ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবে।

১০. কর্তৃপক্ষের অন্যান্য শর্তাবলী/নিয়মাবলী যথারীতি পালন করতে বাধ্য থাকবে।

১১. কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

স্বাক্ষরিত
(মোঃ নিজাম উদ্দিন পাঠান)
নির্বাহী প্রকৌশলী (পুর)
প্রকৌশল বিভাগ, আরিচা
ও
প্রকল্পের কাজে নিয়োজিত কর্মকর্তা।

নথি নং- ১৮.১১.৫৬.৭৮.২৭০.১৪.০১০.১৯(৩য় খন্ড)-২৯৮ তারিখঃ ২৫-০৪-২০২১।

বিতরনঃ

০১। জনাব মোঃ সাজেদুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রকৌশল বিভাগ, ঢাকা সার্কেল, বাঅনৌপক, ঢাকা।
০২। জনাব মোঃ রফিকুল ইসলাম, উপ-পরিচালক, অর্থ বিভাগ, বাঅনৌপক, ঢাকা।
০৩। জনাব মোঃ নুরুল আলম, উপ-পরিচালক, নিরীক্ষা বিভাগ, বাঅনৌপক, ঢাকা।
০৪। জনাব মোঃ নিজাম উদ্দিন পাঠান, নির্বাহী প্রকৌশলী (পুর), বাঅনৌপক, আরিচা ও প্রকল্পের কাজে নিয়োজিত কর্মকর্তা।
০৫। জনাব মোঃ মনছুরুল হক, সহকারী পরিচালক (হিসাব), বাঅনৌপক, আরিচা।

নির্দিষ্ট তারিখ ও সময়ে নিলাম দরপত্র গ্রহণ ও উন্মুক্তকরন এবং তৎপরবর্তী দরপত্র মূল্যায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হ'ল।

অনুলিপিঃ (সদয় অবগতি ও ব্যবস্থা গ্রহণর জন্য)

০১। প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, প্রকৌশল বিভাগ, বাঅনৌপক, ঢাকা।
০২। পরিচালক, হিসাব বিভাগ, বাঅনৌপক, ঢাকা (এতদসংগে ১০(দশ) সেট নিলাম দরপত্রের তফসিল বিক্রয়ের ব্যবস্থা গ্রহনের জন্য আদিষ্ট হয়ে প্রেরণ করা হ'ল)।
০৩। পরিচালক, নিরীক্ষা বিভাগ, বাঅনৌপক, ঢাকা।
০৪। পরিচালক, অর্থ বিভাগ, বাঅনৌপক, ঢাকা।
০৫। পরিচালক, আইসিটি বিভাগ, বাঅনৌপক, ঢাকা (বিআইডব্লিউটিএ'র ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশ করার ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হ'ল)।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ঢাকা সার্কেল, বাঅনৌপক, ঢাকা (নির্দিষ্ট তারিখে দরপত্র গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হ'ল)।
০৭। জনসংযোগ কর্মকর্তা, বাঅনৌপক, ঢাকা (নিলাম বিজ্ঞপ্তিটি ২টি জাতীয় দৈনিক পত্রিকায় পরপর ২দিন প্রকাশের জন্য অনুরোধ করা হ'ল)।
০৮। সহকারী পরিচালক (হিসাব), বাঅনৌপক, আরিচা (এতদসংগে ১০(দশ) সেট নিলাম দরপত্রের তফসিল বিক্রয় এবং নির্দিষ্ট তারিখে দরপত্র গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুরোধ করা হ'ল)।
০৯। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাঅনৌপক,ঢাকা।
১০। ব্যক্তিগত সহকারী, সদস্য (অর্থ) মহোদয়ের দপ্তর, বাঅনৌপক, ঢাকা।
১১। ব্যক্তিগত সহকারী, সদস্য (প্রকৌশল) মহোদয়ের দপ্তর, বাঅনৌপক, ঢাকা।
১২। ব্যক্তিগত সহকারী, সদস্য (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বাঅনৌপক, ঢাকা।
১৩। নোটিশ বোর্ড।
১৪। নথি।

২৫/৪/২১

নির্বাহী প্রকৌশলী (পুর)
ও
প্রকল্পের কাজে নিয়োজিত কর্মকর্তা।